গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০
www.sreda.gov.bd

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৭.০২.০০০০.০৩১.১৪.০০২.২১.২৩৩৭

**বিষয়: প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে নেট মিটারিং বাস্তবায়ন**

সূত্র: বিদ্যুৎ বিভাগের পত্রের স্মারক নং-২৭.০০.০০০০.০৯৩.৩৩.০৬১.১৯.৭১; তারিখ: ২১ জুন ২০২৩

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার গত ২৮ জুলাই ২০১৮ খ্রি: তারিখে প্রথম "নেট মিটারিং নির্দেশিকা-২০১৮" প্রকাশ করেছে এবং OPEX মডেলকে অন্তর্ভুক্ত করে গত ১৪ নভেম্বর ২০১৯ খ্রি: তারিখে নির্দেশিকার সংশোধনী অনুমোদন করেছে। নির্দেশিকা অনুযায়ী পোস্টপেইড মিটারিং পদ্ধতিতে বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি হতে নেট মিটারিং সংযোগ বিদ্যুৎ গ্রাহককে প্রদান করা হচ্ছে, তবে প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারের ক্ষেত্রে অতিরিক্ত কিছু নির্দেশনার প্রয়োজনীয়তা দেখা দেয়। এবিষয়ে বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিগুলো হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রস্তুতকৃত নির্দেশনাবলী গত ২১ জুন ২০২৩ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে পরিপত্র আকারে প্রকাশ করা হয় (কপি সংযুক্ত)।

২। বর্ণিতাবস্থায়, পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিষয়ে প্রকাশিত পরিপত্রের কপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিপত্রের কপি

০৯-০৭-২০২৩
মোঃ রাশেদুল আলম
সহকারী পরিচালক
+ ৮৮-০২-৫৫১১০৩৪০
ad.solar@sreda.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান (গ্রেড-১), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি);
৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো);
৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর , ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো);
৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) এবং
৭। সহকারী পরিচালক, লজিস্টিক্স এন্ড প্রটোকল শাখা, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৭.০২.০০০০.০৩১.১৪.০০২.২১.২৩৩৭/১ (৪)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, নবায়নযোগ্য জ্বালানি উইং , টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) ;

২। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন তেজগাঁও, ঢাকা-১২১৫ [উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য], ;
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব , সিনিয়র সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ এবং
৪। প্রোগ্রাম এসোসিয়েট গ্রেড-১, চেয়ারম্যানের দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) ।

০৯-০৭-২০২৩
মোঃ রাশেদুল আলম
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) প্রি-পেমেন্ট-স্মার্ট মিটারে নেট মিটারিং বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ-২ শাখা
ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০৯৩.৩৩.০৬১.১৯-৭১

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

## পরিপত্র

**বিষয়: প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে নেট মিটারিং বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে নেট মিটারিং সুবিধা চালুকরণের নিমিত্ত উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হল:

(১) প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে এবং/অথবা এর সার্ভার সিস্টেমে বিদ্যমান প্যারামিটারের পাশাপাশি নেট মিটারিং সিস্টেমের কারণে সৃষ্ট Export, Import, Credit, Settlement Unit, Settlement BDT Amount ইত্যাদি প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করে মিটারটিকে বাইডিরেকশনাল করতে হবে। Export, Import, Credit, Settlement Unit-এর হিস্টোরিক্যাল ডাটা অর্থবছর ভিত্তিক সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে।

(২) সেটেল্‌মেন্ট মাস অর্থাৎ জুন মাস অন্তে রপ্তানিকৃত বিদ্যুতের পরিমাণ (kWh) নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ এ বর্ণিত ক্রেডিট ইউনিট হিসেবে জমা হবে। এক্ষেত্রে মে মাস পরবর্তী ক্রেডিট ইউনিট সেটেল্‌মেন্ট ইউনিট হিসেবে গণ্য হবে এবং উক্ত নির্দেশিকা অনুযায়ী সেটেল্‌মেন্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেটেল্‌মেন্ট ইউনিট শূন্য না হলে বিতরণ ইউটিলিটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)/সরকার কর্তৃক নির্ধারিত বিলিং ফরম্যাটে বিস্তারিত উল্লেখপূর্বক বিলিং ডকুমেন্ট গ্রাহককে প্রদান করবে।

(৩) প্রতি মাসে নতুন ক্রেডিট ইউনিট বৃদ্ধির পরিমাণসহ মোট ক্রেডিট ইউনিট ও টাকার পরিমাণ উল্লেখপূর্বক বিতরণ ইউটিলিটি গ্রাহককে জানাবে এবং মিটারের ডিসপ্লেতে প্রদর্শনের ব্যবস্থা রাখবে। মোট আমদানি এবং রপ্তানি ইউনিটের পরিমাণ মিটারে রেকর্ড থাকতে হবে এবং প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে।

(৪) গ্রাহক কর্তৃক বিদ্যুৎ ব্যবহার অনুযায়ী প্রথমে ক্রেডিট ইউনিট হতে সমন্বয় হবে এবং ক্রেডিট ইউনিট শূন্যে পৌছালে প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারের রিচার্জকৃত ব্যালান্স হতে বিধি মোতাবেক টাকা কর্তন করা হবে।

(৫) স্লাবযুক্ত গ্রাহকের ক্ষেত্রে কেবলমাত্র রিচার্জকৃত টাকা কর্তনের জন্য ব্যবহৃত বিদ্যুতের ইউনিট-এর ভিত্তিতে স্লাব বিবেচনা করতে হবে।

(৬) প্রি-পেমেন্ট/পোস্ট-পেইড/স্মার্ট মিটার, প্রত্যেক ক্ষেত্রেই বিতরণ ইউটিলিটি প্রতিটি মিটারের জন্য মিটার সার্ভার থেকে বিদ্যুৎ আমদানি এবং রপ্তানি ডাটা স্রেডা'র সাথে স্বয়ংক্রিয় অনলাইন সিস্টেমের মাধ্যমে শেয়ার করবে। স্রেডা প্রয়োজন অনুযায়ী সে ডাটা যাচাই করবে।

(৭) নতুন স্মার্ট মিটারে উল্লিখিত বিধানসমূহ অন্তর্ভুক্ত থাকতে হবে যাতে বিতরণ ইউটিলিটি প্রয়োজন অনুযায়ী তা কার্যকর করতে পারে। পুরাতন মিটারগুলোতে রি-প্রোগ্রাম-এর মাধ্যমে বিতরণ ইউটিলিটি প্রয়োজন অনুযায়ী উল্লিখিত সুবিধা চালুর ব্যবস্থা গ্রহণ করবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(রকিবুর রহমান খান)
সিনিয়র সহকারী সচিব
পরিচিতি নং: ১৬৬৯২
ফোন: ২২৩৩৫৪৪০৯
ইমেইল: eec-2@pd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক (সকল), দপ্তর/সংস্থা/কোম্পানি, বিদ্যুৎ বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
০৩। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ), বিদ্যুৎ বিভাগ।
০৪। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৬। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।